

বাংলাদেশ, পোষাক-শিল্প, জোর-পূর্বক শ্রম আদায় করা

বাংলাদেশের পোষাক-শিল্পে পোষাক উৎপাদনে প্রাপ্ত-বয়স্করাও জোর-পূর্বক শ্রম আদায়ের পরিস্থিতির শিকার বলে খবর আছে। বেশ কয়েকটি জরিপের মাধ্যমে এরকম খবর এসেছে যে তৈরী পোষাক শিল্পগুলিতে (আর এম জি) আইনগতভাবে যত ঘন্টা কাজের অনুমতি আছে তার চাইতেও অনেক বেশি ঘন্টার কাজ করানো হচ্ছে, বাধ্যতামূলকভাবে সময়ের অতিরিক্ত কাজ করানো হচ্ছে, এবং কোন রকম পারিশ্রমিক না দিয়েই তা করানো হচ্ছে। উপরন্তু, লক্ষ্যমাত্রা পূরণ না করার জন্য শ্রমিকরা শারীরিক ও মৌখিক নির্যাতনের শিকার হয়। নারীরা প্রায়শই শারীরিক ও যৌন নির্যাতনের শিকার হয়, যার মধ্যে লক্ষ্যমাত্রা পূরণ না করার শাস্তিও রয়েছে।